

## গুড মর্নিং কলিকাতা

---

কোলকাতা বন্ধ হয়ে গেলে ঝলমলে সিটি মল শাটার নামাল;  
বাস ট্রেন ভরে কলশব্দ ফেরে মাঝরাতে হররোজ দীপাবলি সেরে।  
লোকটা আহাম্মক না ছাই, ধোঁয়া টানে একহাতে,  
একা একা বকে ওয়াকিটকিতে, অন্যহাতে জলপানি চেয়ে ট্রাফিক সামলায়।  
বাড়ি ফিরে মাঝরাতে বৌকে আদর করে কেউ নিত্যকর্ম মতে  
কেউ দেখে টাচ-স্ক্রিনে অন্যের দাম্পত্য -- কম দামে মাল কেনা ওদের স্বভাব--  
বিকিকিনি হয় মাঝরাতে যে ই-শপ গুলোতে ফেবল সাজায় তারা সারারাত জেগে  
জেগে থাকে কত লোক এখানে ওখানে  
হাওড়া শেয়ালদা স্টেশনে এই রাতের দুপুরে যাত্রী কত ঢোলে  
কেউ খদ্দেরের খাতিরে, কেউ কেউ অনিদ্রা রোগে, কেউ  
ধূর্ত তাই অথবা সেটাই তার ছিল, সংবাদপত্র জাগে খবর সাজাতে  
জেগে থাকাই ধর্ম অনেক ফিল্মের হিরোর  
ফুটপাত দিয়ে ছোট্টে কার গাড়ি মানুষ গুঁড়িয়ে--  
মৃতরাই সুখি বলে মর্গে ঘুমোবে কেউ কপালের জোরে  
ততক্ষণে দিন শুরু হয়ে গেছে গ্রামে গ্রামে: চেনা সুর বাজে  
ঘুমের চেয়ে নমাজ উত্তম, জাগোরে নগরবাসী বাজে কার মোবাইলে  
ভেড়ির জলেতে নামে জেলে, মাঠের শিশিরে ভেজে পা  
সজ্জি মাথায় হাঁটে বাজারের পিসি চাষি বৌ মেয়ে জোর পায়ে  
স্টেশনের দিকে দ্রুত ছুটে যায়, কলশব্দে ভরেছে কামরা ঝি-স্পেশালের  
আবার পৌঁছেলো জ্যান্ত সাজানো শহরে  
কলিকাতা তন্দ্রা হইতে জাগে।